

■ আল-আলাক | Al-Alaq | ٱلْعَلَق

আয়াতঃ ৯৬: ২

💵 আরবি মূল আয়াত:

خَلَقَ الإنسَانَ مِن عَلَقٍ ﴿٢﴾

তিনি সৃষ্টি করেছেন মানুষকে 'আলাক' থেকে। — আল-বায়ান

সৃষ্টি করেছেন মানুষকে জমাট-বাঁধা রক্তপিন্ড হতে। — তাইসিরুল

সৃষ্টি করেছেন মানুষকে রক্তপিন্ড হতে। — মুজিবুর রহমান

Created man from a clinging substance. — Sahih International

২. সৃষ্টি করেছেন মানুষকে আলাক হতে।(১)

(১) পূর্বের আয়াতে সমগ্র সৃষ্টিজগত সৃষ্টির বর্ণনা ছিল। এ আয়াতে সৃষ্টিজগতের মধ্য থেকে বিশেষ করে মানব সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে। আল্লাহ বলেছেন, মানুষকে 'আলাক' থেকে সৃষ্টি করেছেন। 'আলাক' হচ্ছে 'আলাকাহ' শব্দের বহুবচন। এর মানে জমাট বাঁধা রক্ত। সাধারণভাবে বিশ্ব-জাহানের সৃষ্টির কথা বলার পর বিশেষ করে মানুষের কথা বলা হয়েছে যে, মহান আল্লাহ কেমন হীন অবস্থা থেকে তার সৃষ্টিপর্ব শুরু করে তাকে পূর্ণাংগ মানুষে রূপান্তরিত করেছেন। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

২। সৃষ্টি করেছেন মানুষকে রক্তপিন্ড হতে। [1]

[1] এই আয়াতে সমস্ত সৃষ্টির মধ্যে বিশেষ করে মানুষের জন্মের কথা উল্লেখ হয়েছে; যাতে মানুষের মর্যাদা স্পষ্ট।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6108

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন